Handloom Mark Scheme

ভূমিকা (Background) :

ভারতীয় শাশ্বত সংস্কৃতি তথা ঐতিহ্যের অন্যতম ধারক হস্তচালিত তাঁত। অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে বলা যায়, সাধারণের জীবিকা নির্বাহের প্রশ্নে কৃষির পরেই তাঁতশিল্পের স্থান। পরিসংখ্যান অনুযায়ী প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে 65 লক্ষ মানুষের কর্মসংস্থান হয়েছে এই তাঁতশিল্পে এবং সমগ্র ভারতবর্ষ জুড়ে প্রায় 35 লক্ষ তাঁতকল বর্তমান। 2005-06 বর্ষে মোট তাঁতবস্ত্র উৎপাদনের পরিমাণ ছিল 618·8 কোটি ব. মি. এবং তাঁতজাত বস্ত্র মোট বস্ত্র উৎপাদনের (হ্যান্ডলুম, মিল ও পাওয়ারলুম একত্রে) প্রায় 16 শতাংশ।

আশা করা যায়, ক্রমবর্ধমান জনসংখ্যা ও অর্থনৈতিক প্রগতির সঙ্গে তাল মিলিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বাজারের প্রসার ঘটবে এবং মাথাপিছু ভোগ বৃদ্ধি পাবে। বাণিজ্যিকভাবে ক্ষুদ্রায়তনে দ্রব্যোৎপাদন, উদ্ভাবনী ক্ষেত্রকে উন্মুক্ত রাখা, নতুন কারুকার্যের প্রতি দৃষ্টি আকর্ষণ, জোগানদারদের আবশ্যিক শর্তের প্রতি সম্মান প্রদর্শন এবং অসামান্য কারুকার্যের সৃজনশীলতার প্রবাহকে অব্যাহত রাখার ক্ষেত্রে হস্ত ও বিদ্যুৎচালিত তাঁতের ওপর সমগ্র বস্ত্রশিল্পের উজ্জ্বল সম্ভাবনা রয়েছে।

বহুবিধ চ্যালেঞ্জের মুখোমুখি এই তাঁতশিল্প। যখন তাঁত প্রধানত কার্পাস নির্ভর, আশা করা যাচ্ছে, ভবিষ্যতে সুতিবস্ত্রের ব্যাবহারিক ধরন হবে এমন যাতে সুতো ও অন্য তন্তু উভয়ই সমানুপাতে থাকবে। প্রযুক্তিবিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে বিদ্যুৎচালিত তাঁতে উৎপাদন খরচ কমিয়ে তন্তুজ দ্রব্য উৎপাদিত হচ্ছে। সমগ্র বস্ত্রশিল্পের সুসমঞ্জস বৃদ্ধির জন্য যখন সরকারি প্রচেষ্টা অব্যাহত, পাশাপাশি স্পষ্ট ও সুনির্দিষ্ট হস্তচালিত তাঁত যাতে যন্ত্রচালিত মিলগুলি দ্বারা বাধাপ্রাপ্ত না হয় সরকারকে সেবিষয়টি সুনিশ্চিত করতে হবে।

হ্যান্ডলুম মার্ক (Handloom Mark) :

তাঁতি সম্প্রদায়ের স্বার্থরক্ষা ও সার্বিক কল্যাণের লক্ষ্যে ভারত সরকারের তাঁতশিল্প উন্নয়ন নিগম (Development Commissioner for Handlooms) বহুবিধ উন্নয়নমুখী পরিকল্পনা ও কর্মসূচি রূপায়ণে উদ্যোগী হয়েছে। প্রস্তাবে 'হ্যান্ডলুম মার্ক' চালু করার কথা বলা হয়েছে। এর ফলে এটা সমস্ত তন্তুজ দ্রব্যের সার্বিক পরিচায়ক হিসেবে কাজ করবে। হস্তচালিত তন্তুজ দ্রব্যের জনপ্রিয়তা শুধু বাড়বে তা নয়, এটা ক্রেতাদের কাছে একটি গ্যারান্টি হিসেবে কাজ করবে। যার ফলে ক্রেতারা হাতে বোনা খাঁটি জিনিস হিসেবে ক্রয় করবে। তাছাড়া, একটা স্বতন্ত্র নাম থাকবে যার দ্বারা দ্রব্য অথবা দ্রব্য উৎপাদনকারীকে সহজে চেনা যাবে। তাই 'হ্যান্ডলুম মার্ক' হবে সৃষ্টিশীল কর্মদ্যোগের শ্রেষ্ঠতার ছাপ যা দ্রব্যের পরিচ্ছন্ন গুণাগুণের এবং প্রতিযোগিতায় স্বাতন্ত্র্যের নির্ণায়ক হবে এবং ক্রেতাসম্প্রদায়ের সঙ্গে সংযোগ রক্ষা করবে।

আমেদাবাদ শহরে অবস্থিত 'ন্যাশনাল ইন্সটিটিউট অব ডিজাইন'-এর ওপর এই 'হ্যান্ডলুম মার্ক'-এর কার্যবিধি ন্যস্ত। পরিচয়জ্ঞাপক চিহ্নের (logo) গঠন পরিকল্পনা হচ্ছে দুটি সুতো দণ্ডের পারস্পরিক টানাপোড়েন। এই

সুতো দণ্ডগুলি সমবায়ী প্রতিষ্ঠানগুলির যোগান ও তাঁতশ্রমিকদের নৈপুণ্যকে সূচিত করে। এদের পারস্পরিক ক্রিয়া নিবিড় সমন্বয়ের সৃষ্টি করে। সুতো দণ্ডগুলির টানাপোড়েন একটি ত্রিমাত্রিক ঘনকে আকার নিয়েছে।

ওই 'মার্ক'-এর দুটো দিক। একটি জাতীয় ক্ষেত্রে ব্যবহারের জন্য যেখানে 'হ্যান্ডলুম' শব্দটি 'লোগো'-এর নীচে লেখা হয়েছে। অন্যটি আন্তর্জাতিক বাজারের জন্য। সেখানে থাকছে একই 'লোগো' যার নীচে লেখা থাকছে 'Hand Woven in India'।

নীতি সংক্রান্ত পদক্ষেপ (Policy Measures Supporting the Scheme) :

7 এপ্রিল, 2006 তারিখে ঘোষিত বৈদেশিক বাণিজ্য নীতি 2004-2009-এর বার্ষিক ক্রোড়পত্র অনুসারে পরিকল্পনা কয়েকটি তালিকাভুক্ত দ্রব্যের রপ্তানি সংক্রান্ত মোট লেনদেনের ওপর 2·5% থেকে 50% পর্যন্ত বকেয়া বাণিজ্যশুল্ক সুবিধা অনুমোদন করেছে। তালিকাভুক্ত দ্রব্যগুলি হল—মৎস্য ও চর্মজাত দ্রব্য, স্টেশনারি দ্রব্য, আতসবাজি, ক্রীড়াসামগ্রী 'হ্যান্ডলুম মার্ক' চিহ্নিত তন্তুজ দ্রব্য ও হস্তশিল্পজাত দ্রব্য।

'হ্যান্ডলুম মার্ক'-এর বিবরণ (Description of Handloom Mark) :

ট্রেড মার্ক আইন, 1999-এর Trade Marks Act, 1999) অধীনস্থ ট্রেড মার্ক সার্টিফিকেট এবং স্বত্বাধিকার আইন, 1957-এর (Copyright Act, 1957) অধীনস্থ স্বত্বাধিকার (copyright)-এর নিবন্ধীকররের জন্য দরখাস্ত করা হয়েছে। সহজে শনাক্তকরণ বা শ্রেণিবিভাগের জন্য পেছনে বিধিবদ্ধ লেবেল লাগানো হয়েছে। যেমন দেশের মধ্যে কাপড় বিক্রয়ের জন্য DF ও সঙ্গে কোড নম্বর, তৈরি করা পোশাক দেশের মধ্যে বিক্রয়ের জন্য DM ও সঙ্গে কোড নম্বর, রপ্তানির জন্য (i) EF ও সঙ্গে কোড নম্বর (ii) EM ও সঙ্গে কোড নম্বর লাগবে।

লেবেল লাগানোর পদ্ধতি (Method of Fixing Labels) :

- হস্তচালিত তাঁতে উৎপন্ন কাপড় দিয়ে তৈরি পোশাক-পরিচ্ছদের ওপর একটি করে লেবেল লাগাতে হবে। ব্যবহারকারী ইচ্ছেমতো ফলক লাগিয়ে অথবা সেলাই করে লেবেল লাগাতে পারে।
- হাতবোনা কাপড়ের ক্ষেত্রে কাপড়ের ভাঁজের মধ্যে লেবেল লাগাতে হবে।
- খুচরো কাপড় বিক্রি করার জন্য খুচরো কারবারি কাট্ পিসের ওপর লেবেল লাগাবে।

সুবিধা (Scope) :

- এই পরিকল্পনার আওতায় রয়েছে সমস্ত প্রকার তন্তুজ ও অন্যান্য দ্রব্য।
- 'হ্যান্ডলুম মার্ক' পরিকল্পনার পরিসর সমগ্র দেশ জুড়ে। সমস্ত তাঁতি সম্প্রদায়, ওদের ক্ষুদ্র ও বৃহৎ সমবায় সমিতি, মাস্টার তন্তুবায়, হ্যান্ডলুম উন্নয়ন কর্পোরেশন, খুচরো ব্যাপারী, রপ্তানিকারী ও অন্যরা (যেমন SHG, JLG, HWG প্রভৃতি) এই পরিকল্পনায় অংশগ্রহণ করবে এবং সুযোগসুবিধা পাবে।

লক্ষ (Objectives) :

- দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক বাজারে তন্তুজ দ্রব্যের প্রমোটিং।
- দ্রব্যের গুণাগুণ সম্পর্কে ক্রেতাদের নিশ্চয়তা প্রদান।
- তাঁতিদের সঙ্গে আন্তর্জাতিক বাজারের সংযোগ ও অগ্রগতি।

- তন্তুজ দ্রব্যের যোগান শৃঙ্খলকে মজবুত করা।
- জাতীয় ও আন্তর্জাতিক বাজারে তন্তুজ দ্রব্যের মূল্য আদায় সংক্রান্ত বিষয়ের উন্নতি।
- তন্তুবায় সম্প্রদায়ের আয়বৃদ্ধি।
- তাঁতি শ্রমিকদের কর্মপ্রবাহকে সারা বছর ধরে সচল রাখা।
- তন্তুজ দ্রব্যের যোগান ও তন্তুবায় সম্প্রদায়ের তথ্য সম্বলিত উপত্তিকেন্দ্রের বিকাশ।
- যার সমর্থনে থাকবে ভারত সরকার কতৃক রূপায়িত সমস্ত চলমান স্কিমগুলি এবং ভবিষ্যত পরিকল্পনা নির্ধারণ।

পরিকল্পনার রূপায়ন (Implementation of the Scheme) :

সমগ্র দেশ জুড়ে 'হ্যান্ডলুম মার্ক' পরিকল্পনা রূপায়ণে এজেন্সি হিসেবে টেক্সটাইল কমিটি গঠিত হয়েছে।

হ্যান্ডলুম মার্ক সংগ্রহের পদ্ধতি (Modalities for obtaining Handloom Mark) :

টেক্সটাইল কমিটির অফিস থেকে দরখাস্ত সংগ্রহ করা যেতে পারে। ঠিকানা নিম্নরূপ :

http : II textilescommittee.nic.in

পরিকল্পনার অপপ্রয়োগ রোধে সমস্ত তাঁতি, মাস্টার ওয়েভার, সমিতি, বৃহৎ ও ক্ষুদ্র তন্তুজ সমবায় সমিতি, হ্যান্ডলুম উন্নয়ন কর্পোরেশন, হ্যান্ডলুম খুচরো ব্যাপারী ও রপ্তানীকারী সবার অনসাইট ভেরিফিকেশনের পর দরকাস্তকারীদের রেজিস্ট্রিকৃত হতে হবে।

- আসল তন্তুবায়, মাস্টার তন্তুবায়, খুচরো ব্যাপারী ও রপ্তানিকারী এগ্রিমেন্টে স্বাক্ষর হওয়ার পর নির্ধারিত ফ্রী জমা দিয়ে রেজিস্ট্রিকৃত হতে হবে।
- রপ্তানিকারী ছাড়া, বার্ষিক উৎপাদনের পরিমাণ ও বিক্রয়ের ভিত্তিতে লেবেল সরবরাহ করা হবে।
- রপ্তানিকারীর ক্ষেত্রে প্রাথমিক পরীক্ষা (ভেরিফিকেশান) হবে বিগত বছরের পারফর্মেন্সের ভিত্তিতে চাটার্ড অ্যাকাউন্টেন্ট কতৃক প্রদত্ত সার্টিফিকেটের ভিত্তিতে।
- প্রত্যেক রেজিস্ট্রিকৃত ব্যক্তি বা সংস্থাকে মাসিক রিটার্ন জমা দিতে হবে।

সিরিয়াল নম্বর	ব্যবহারকারীর বর্ননা	বার্ষিক রেজিস্ট্রি ফ্রী
1.	তাঁতি ব্যক্তি হিসেবে	25/-
2.	মাস্টার তাঁতি	500/-
3.	প্রাথমিক হ্যান্ডলুম তন্তুবায় সমবায় সমিতি	2000/-
4.	এপেক্স সমিতি	5000/-
5.	খুচরো (জাতীয় বাজার)	5000/-
6.	ম্যানুফেকচারার (রপ্তানি)	10,000/-
7.	মার্চেন্ট এক্সপোর্টার	10,000/-
8.	অন্যান্য (SHG, JLG, HWG, Consortia)	500/-

লেবেলের দাম (Price of the Level) :

'হ্যান্ডলুম মার্ক' লেবেল পলিস্টার ট্যাফেটা দিয়ে তৈরি। লেবেলগুলি এমনভাবে সংগ্রহ করতে হয় যা DEKOTEX 100 স্ট্যান্ডার্ড দ্বারা সার্টিফায়েড যার ফলে আন্তর্জাতিক ক্রেতাদের চাহিদা অনুসারে 'পরিবেশ সহায়ক'-এর ব্যাপারে যত্নবান হবে। প্রত্যেক লেবেলের দাম 60 পয়সা। উৎপাদন/বিক্রয় ক্ষমতা মূল্যায়ন অনুসারে সমস্ত রেজিস্ট্রিকৃত ব্যবহারকারীরা লেবেল কিনতে পারবেন।

বলবৎকরণ সংক্রান্ত পদক্ষেপ (Enforcement measures) :

- অফিস অধিকারিকদের দ্বারা টিম করে ধারাবাহিকভাবে অডিট।
- বাজার থেকে স্যাম্পল কিনে সেগুলি হ্যান্ডলুম মার্কা কিনা তার পরীক্ষা।
- উৎপাদনকারীকে মার্চেন্ট এক্সপোর্টার খুচরো ব্যাপারী ইত্যাদিকে তন্তুজ দ্রব্য সরবরাহ করার সময় অন্যান্য বাণিজ্যিক প্রমাণাদির সঙ্গে নিজস্ব একটি সার্টিফিকেট সঙ্গে যুক্ত করতে হবে।

এছাড়া 'হ্যান্ডলুম মার্ক'-এর অপপ্রয়োগের ব্যাপারে টেক্সটাইল কমিটি ও রেজিস্ট্রিকৃত ব্যবহারকারীদের মধ্যে শাস্তি সংক্রান্ত ধারা এগ্রিমেন্ট হয়।

প্রথম ধারা অনুসারে প্রাথমিক তদন্তের পর ব্যবহারকারীর রেজিস্ট্রেশন বাতিল এবং অনতিবিলম্বে লেবেলের যোগান বন্ধ করে দেওয়া হয়।

দ্বিতীয় ধারায় ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা ট্রেড মার্ক আইন, 1999 যার বিধান Chapter-XII-এ রয়েছে এবং শাস্তি হিসেবে জেল হতে পারে যার সময়সীমা 6 মাসের কম নয়। তবে শাস্তির সময় সীমা 3 বছর পর্যন্ত বাড়ানো হতে পারে এবং এর সঙ্গে ফাইন হতে পারে যার পরিমাণ 50,000 (পঞ্চাশ হাজার) টাকার কম নয়। তবে এই টাকার পরিমাণ দুই লাখ পর্যন্ত বাড়ানো হতে পারে এবং বর্ধিত জরিমানা ও শাস্তি দ্বিতীয় ও পরবর্তী অপরাধের ক্ষেত্রে ইত্যাদি।

তৃতীয় ধারায় Copyright Act, 1957 Chapter-XII অনুযায়ী শাস্তি বিধানের উল্লেখ আছে। Trade Marks Act, 1999 অনুযায়ী এখানেও একই শাস্তি বলবৎ হবে।

ক্রেতার উদ্‌বেগ (Consumer Concern) :

'হ্যান্ডলুম মার্ক' ছাপযুক্ত কোনো দ্রব্য আসল না নকল—এ ব্যাপারে কোনো সন্দেহ হলে যে-কোনো ক্রেতা ওই দ্রব্য ক্রয়ের বিল ও কোড নম্বরসহ টেক্সটাইল কমিটির দৃষ্টি আকর্ষণ করতে পারেন। তদন্তের ফলাফলের ভিত্তিতে টেক্সটাইল কমিটি *ট্রেড মার্ক আইন*, 1999 ও ব্যবহারকারীদের মধ্যেকার এগ্রিমেন্ট অনুসারে মামলা দায়ের করতে পারে। ক্রেতা পছন্দমতো কনজিউমার কোর্টেও আবেদন করতে পারেন। এই বিষয়টি প্রচার মাধ্যমে ব্যাপকভাবে প্রকাশিত হবে।

Note : SHG = Self Help Group
JLG = Joint Liability Group
HWG = Handloom Weavers' Group